



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
Sher-e-Bangla Agricultural University
শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭

স্মারকনং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৬৭)/২০২১/ ২১২৪

তারিখ : ১৪/০৮/২০২২খ্রিঃ

স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে জানুয়ারি-জুন/২০২২ সেমিস্টারে ফিসারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সাইন্স এবং এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদভূক্ত উল্লেখিত বিভাগসমূহে এমএস প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

০১. এমএস, ফিসারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সাইন্স অনুষদ :

যোগ্যতা : শেকৃবি/স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে B.Sc. in Fisheries অথবা তৎসংশ্লিষ্ট সমমানের ডিগ্রীধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগসমূহ : ফিসারিজ বায়োলজী এন্ড জেনেটিক্স; একোয়াকালচার; এবং ফিশিং এন্ড পোস্ট হার্ভেস্ট টেকনোলজি।


০২. এমএস, এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ :

যোগ্যতা : শেকৃবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে B.Sc.Vet.Sci. & A.H. অথবা তৎসংশ্লিষ্ট সমমানের ডিগ্রীধারী (সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত) হতে হবে।

বিভাগ : ফার্মাকোলজি এন্ড টক্সিকোলজি বিভাগের এমএস ইন ফার্মাকোলজি।

০৬. আবেদন করার নিয়ম :

- ক) আগামী ১৬-০৮-২০২২ হতে ৩১-০৮-২০২২ তারিখের মধ্যে এমএস প্রোগ্রামের আবেদন ফরম ডীন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ কার্যালয়, শেকৃবি হতে অফিস খোলা থাকাকালীন সরাসরি সংগ্রহ করা যাবে। আবেদন ফরম সংগ্রহকারীদেরকে (আবেদন ফরমের মূল্য ৫০০/-) পূরণকৃত আবেদন ফরম উক্ত সময়সীমার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে ডীন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭ এর কার্যালয়ে জমা দিতে হবে।
- খ) সরাসরি সংগৃহীত আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি সহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা এর চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি সংযোজন করতে হবে।
- গ) আবেদনকারীগণকে আবেদন ফরমে পছন্দের (প্রয়োজ্য ক্ষেত্রে) বিষয়ক্রম উল্লেখ করতে হবে। পূরণকৃত আবেদন ফরম অনুযায়ী অনুষদ/প্রোগ্রাম পছন্দক্রম জমাদানের পর কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবেনা।
- ঘ) চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিলযোগ্য। এ ক্ষেত্রে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে সংশ্লিষ্ট উচ্চশিক্ষা কর্তৃপক্ষের অনুমতি পত্রের কপি ভর্তি ফরমের সাথে সংযোজন করতে হবে। চাকুরীরত বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে বৃত্তিপ্রাপ্তির নিশ্চয়তাপত্র দিতে হবে। ভর্তির জন্য নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের গবেষণা ব্যয় হিসেবে বেঞ্চ ফি হিসেবে ৩০,০০০/- (ত্রিশহাজার) টাকা ভর্তির সময় বিশ্ববিদ্যালয় এর ক্যাশ শাখায় জমা দিতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক কোন গবেষণা ব্যয় বহন করা হবেনা।
- ঙ) নির্বাচিত চাকুরীরত প্রার্থীদের ক্লাস শুরুর পূর্বেই নিয়োগকর্তার নিকট হতে প্রেষণাদেশ/অনুমতির কপি স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যান এবং ডীন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ এর কার্যালয়ে জমা দিতে হবে।
- চ) নির্বাচিত প্রার্থীগণের তালিকা ও ভর্তির সময়সূচি যথাসময়ে সংশ্লিষ্ট সকল বিভাগীয় চেয়ারম্যান ও ডীন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ কার্যালয়ের নোটিশ বোর্ডে দেয়া হবে।
- ছ) ক্লাস শুরু :
এমএস প্রোগ্রামে ভর্তিকৃত বিভাগসমূহের ক্লাস শুরুর তারিখ যথা সময়ে নোটিশের মাধ্যমে জানানো হবে।
অসম্পূর্ণ এবং অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে।


(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষিবিশ্ববিদ্যালয়